যুগান্তর

MAY 18 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ...

# জসীমউদ্‌দীন হলে ছাত্রদলের দুই গ্রুপ মুখোমুখি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

টিভি চ্যানেল পরিবর্তনকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জসীমউদ্‌দীন হলে ছাত্রদলের লাল্টু ও মনির গ্রুপ মুখোমুখি অবস্থান নিয়েছে। লাল্টু গ্রুপের কর্মীরা বৃহস্পতিবার রাতে মনির গ্রুপের গ্রুপের যে ৪ কর্মীকে হল থেকে বের করে দিয়েছিল পুলিশের

**ছাত্রদল** : পৃষ্ঠা : ৬ কলাম : ৬

## ছাত্রদল : জসীমউদ্‌দীন

(শেষ পৃষ্ঠার পর)

মধ্যস্থতায় গতকাল তারা হলে ওঠার পর পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

জানা গেছে, টিভি চ্যানেল পরিবর্তনের অপরাধে দ্বিতীয় বর্ষের ছাত্র ও মনির গ্রুপের কর্মী কাইয়ুম মাস্টার্সের ছাত্র বকুলকে মারধর করে। বকুল নেতৃবৃন্দের কাছে নালিশ করায় কাইয়ুম তার বন্ধুদের নিয়ে বকুলকে দ্বিতীয় দফা মারধর করে। এর বিচার করতে বৃহস্পতিবার রাতে সালিশ ডাকা হয়। ছাত্রদলের হল শাখার সভাপতি আতিক ও সাধারণ সম্পাদক শিপনের অনুপস্থিতির কারণে লাল্টু গ্রুপের নেতা টিটু রাতের মধ্যেই মুসা, কাইয়ুম, জাহাঙ্গীর ও ইয়েনকে হল থেকে বের হয়ে যাওয়ার নির্দেশ দেন। মুসা ছাড়া অন্যরা রাতেই হল ছাড়ে। মুসা জানায়, প্রতিপক্ষ গ্রুপের কর্মীরা হল না ছাড়ায় তাকে কয়েকদফা সশস্ত্র অবস্থায় ভয়ভীতি দেখানো হয় এবং তার কক্ষে তালা ঝুলিয়ে দেয়া হয়। রমনা থানার ওসি আবুলের মধ্যস্থতায় গতকাল বিকালে ছাত্ররা হলে ফিরে আসে।